

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.dls.gov.bd

১৪ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ২৮ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.১১১.৩১.০০১.২৪.৯৯৪

বিষয়: পশুপুষ্টি উপকরণ আমদানির অনাপত্তি সনদ (NOC) প্রদান

সূত্র: ০৫/০৩/২০২৪ খ্রি: তারিখের এনওসি সভার সিদ্ধান্ত মোতাবেক

উপর্যুক্ত বিষয়ে আপনার ১৮/০২/২০২৪ খ্রি: তারিখের আবেদনের প্রেক্ষিতে পশুপুষ্টি উপকরণ ও ভেটেরিনারি ঔষধ সামগ্রী আমদানির অনাপত্তি সনদ (NOC) প্রদান কমিটির ০৫/০৩/২০২৪ খ্রি: তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক নিম্নবর্ণিত পণ্য পত্রে উল্লেখিত শর্তসাপেক্ষে Egypt থেকে আমদানির জন্য অনাপত্তি সনদ প্রদান করা হল।

আমদানিযোগ্য পণ্যঃ

SL No.	Description of Products	PI No. & Date	Country of Origin	Name & Address of Exporter	Pack Size	Amount
1.	Poultry Meal	BT-PM001-25 Dated- 15.02.2024	Egypt	WMM BIZ FZCO Dubai Silicon Oasis, DDP, Building A1, Dubai, United Arab Emirates.	50 Kg Bags	1000 MT \pm 10%

শর্তাবলীঃ

- কোন অবস্থাতেই MBM (Meat & Bone meal) আমদানিত করা যাবে না।
- নিজস্ব Manufacturing Plant/ম্যানুফ্যাকচারিং কোম্পানীর অনুমোদিত রপ্তানিকারক হতে Poultry Meal আমদানি করতে হবে।
- আমদানিতব্য পোল্ট্রি মিলে ন্যূনতম ৫৫%-৬৫% প্রোটিন থাকতে হবে।
- আমদানিতব্য পণ্য অবশ্যই পোল্ট্রিখাদ্য/মৎস্য খাদ্যে হিসেবে ব্যবহার করতে হবে।
- আমদানিকৃত পণ্যের রপ্তানিকারক দেশের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত তেজস্ক্রিয়তা পরীক্ষণ রিপোর্ট (প্রতি কিলোগ্রামে সিজিয়াম-১৩৭ এর মাত্রা) সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে।
- আমদানিতব্য Poultry Meal সকল প্রকার এন্টিবায়োটিক মুক্ত হতে হবে।
- আমদানিকৃত পণ্যটি ক্ষতিকারক ক্রোমিয়াম, টেনারি উপজাত ও মেলানিনমুক্ত হতে হবে। পণ্যটি Porcine and Bovine উপজাত মুক্ত হতে হবে। এ লক্ষ্যে Porcine and Bovine উপজাত উপস্থিতির পরীক্ষা করাতে হবে।
- পণ্যটি ২৫/৫০/১০০ কেজি প্যাক সাইজের ব্যাগে আমদানি করতে হবে।
- আমদানিকৃত পণ্যের প্যাকেটের গায়ে পণ্যের নাম, উৎস প্রাণির নাম, পণ্য ও উপাদানসমূহ (শতকরা হারসহ), কোম্পানী, উৎপাদনকারী দেশের নাম (Country of Origin) উৎপাদনের তারিখ স্পষ্টাকারে উল্লেখ থাকতে হবে।
- প্রত্যেক চালানের পণ্য খালাসের পূর্বে প্রত্যেক কন্টেইনার থেকে নমুনা সংগ্রহ করে তা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত পরীক্ষাগার হতে পরীক্ষা করতে হবে এবং কি কি উপাদান খাদ্যে সংমিশ্রিত আছে তা শতকরা হারে রিপোর্টে উল্লেখ করতে হবে।
- ল্যাবরেটরী পরীক্ষা রিপোর্ট ব্যতীত আমদানিকৃত কোন Poultry Meal বন্দর থেকে খালাস করা যাবে না।
- পণ্য খালাসের পূর্বে পণ্যের আমদানিকৃত দেশ থেকে ইস্যুকৃত Health Certificate- প্রাণিসম্পদ অধিদপ্তর এর মাধ্যমে সঠিকতা যাচাই করতে হবে।
- আমদানিকৃত Poultry Meal অবশ্যই শতভাগ পোল্ট্রি উপজাত সংমিশ্রণে তৈরি হতে হবে।
- পণ্য খালাসের পূর্বে ভেটেরিনারি হেলথ সার্টিফিকেট, শিপিং ডকুমেন্ট ও অন্যান্য কাগজপত্র প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক যাচাই করে নিতে হবে।
- আমদানিকৃত পণ্য খালাসের পূর্বে গবাদিপশু ও শূকরের উপজাতের উপস্থিতি, মাইক্রোবায়োলজিক্যাল পরীক্ষা, ভারী ধাতুর উপস্থিতি ও ক্ষতিকারক এন্টিবায়োটিকের উপস্থিতি, জীবাণু মুক্ত এবং পুষ্টিমান সম্পর্কে সরকার কর্তৃক অনুমোদিত ল্যাবরেটরিতে পরীক্ষাপূর্বক তার সনদপত্র অত্র দপ্তরে দাখিল করতে হবে। নমুনা সংগ্রহের সময় সংশ্লিষ্ট ডিএলও/ইউএলও উপস্থিত থাকবেন। এ পরীক্ষা সংক্রান্ত যাবতীয় ব্যয়ভার আমদানিকারক/স্বত্বাধিকারী বহন করবে। যদি পরীক্ষার ফলাফল সন্তোষজনক না হয় তবে রপ্তানিকারক নিজ ব্যয়ে সংশ্লিষ্ট চালান ফেরত নিতে বাধ্য থাকবে।
- অনাপত্তি সনদ প্রদান কমিটির সদস্যগণ ও ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক সময় সময় ওয়ার হাউজ, ব্যবসা প্রতিষ্ঠান ও বাজার পরিদর্শনপূর্বক বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে পারবে।
- আমদানিতব্য পণ্য রিপ্যাকিং করা যাবে না এবং পশুখাদ্য/পোল্ট্রি খাদ্য ব্যতীত অন্য কোনভাবে ব্যবহার করা যাবে না।
- অনাপত্তি পত্রের মেয়াদ ইস্যুর তারিখ হতে ১ (এক) বৎসর পর্যন্ত বলবৎ থাকবে। পণ্য আমদানি ও পণ্য খালাস উক্ত ১ (এক) বছরের মধ্যে করতে হবে।
- পণ্য আমদানি সংক্রান্ত কোন ভুল/অসত্য তথ্য প্রদানের দায়-দায়িত্ব আমদানিকারক প্রতিষ্ঠান বহন করবে।
- যে দেশসমূহ হতে পণ্য আমদানি করা হবে সে সকল দেশে এ ধরনের পণ্য তৈরির কারখানা আছে কি-না, মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর বিষয়টি নিশ্চিত করে মন্ত্রণালয়কে অবহিত করবেন।
- ভুল/অসত্য তথ্য প্রদানের পাশাপাশি কোন তথ্য গোপন করা হলে ইস্যুকৃত NOC বাতিলসহ উক্ত প্রতিষ্ঠানের অনুকূলে ভবিষ্যতে এ ধরনের NOC প্রদান স্থায়ীভাবে বন্ধ করা হবে।
- উপরোক্ত শর্তগুলো পালনে ব্যর্থ হলে এবং এতদসংক্রান্ত অন্যান্য সরকারী বিধি বিধান অনুসরণ করা না হলে অত্র NOC বাতিল বলে গণ্য হবে।



২৮-০৩-২০২৪

ড. শেখ শাহিনুর ইসলাম
উপপরিচালক

health@dls.gov.bd

ওয়াইজম্যান গাইডেন্স লিমিটেড গ-১৯, মহাখালী, ঢাকা-১২১২, কারখানা: সেকশন-৬, ব্লক-ডি, রোড-৯, মিরপুর, ঢাকা।

স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.১১১.৩১.০০১.২৪.৯৯৪/১(৫)

তারিখ: ১৪ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
২৮ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। কমিশনার, কাস্টমস হাউজ, চট্টগ্রাম;
- ২। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, চট্টগ্রাম;
- ৩। মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রাণিসম্পদ উৎপাদন উপকরণ ও প্রাণিজাত খাদ্যের মান নিয়ন্ত্রণ গবেষণাগার (QC Lab), সাভার, ঢাকা;
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।- ইহা সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য এবং
- ৫। অফিস কপি।



২৮-০৩-২০২৪

ড. শেখ শাহিনুর ইসলাম
উপপরিচালক